১৭ আগস্ট, ২০২৫

# বৈষম্যবিরোধী আন্দোলনের হত্যা মামলায় মাই টিভির চেয়ারম্যান নাসির উদ্দীন গ্রেপ্তার



সংগৃহীত ছবি

রাজধানীর গুলশান এলাকা থেকে মাই টিভির চেয়ারম্যান মো. নাসির উদ্দীনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। বৈষম্যবিরোধী আন্দোলনে দায়ের করা হত্যা মামলার আসামি হিসেবে তাঁকে আটক করা হয়। তবে গ্রেপ্তারের বিস্তারিত তথ্য এখনো জানায়নি পুলিশ।

বৈষম্যবিরোধী আন্দোলনের প্রেক্ষাপটে দায়ের করা একটি হত্যা মামলায় মাই টিভির চেয়ারম্যান মো. নাসির উদ্দীনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। রোববার রাতে রাজধানীর গুলশান এলাকা থেকে তাঁকে আটক করা হয়।

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গণমাধ্যম ও জনসংযোগ বিভাগ এক খুদে বার্তায় জানায়, যাত্রাবাড়ী থানায় দায়ের করা হত্যা মামলায় নাসির উদ্দীনের নাম রয়েছে। তবে তাঁর গ্রেপ্তার নিয়ে এখনো বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়নি।

LENS ASIA